# সাবা | Saba | سَبَأ

আয়াতঃ ৩৪ : ২০

## আরবি মূল আয়াত:

وَ لَقَد صَدَّقَ عَلَیهِم اِبلِیسُ ظَنَّهٗ فَاتَّبَعُوهُ اِلَّا فَرِیقًا مِّنَ المُؤمِنِینَ ﴿۲۰﴾

## অনুবাদসমূহ:

আর নিশ্চয় তাদের ব্যাপারে ইবলীস তার ধারণা সত্য প্রমাণ করল, ফলে মুমিনদের একটি দল ছাড়া সবাই তার অনুসরণ করল। — আল-বায়ান

তাদের ব্যাপারে ইবলীস তার ধারণা সত্য প্রমাণিত করল (যে ধারণা ইবলীস আল্লাহর নিকট ব্যক্ত করেছিল যে, অল্প সংখ্যক ব্যতীত সে মানুষদেরকে নিজের বশীভূত করে ছাড়বে)। ফলে মু'মিনদের একটি দল ছাড়া তারা সবাই তার অনুসরণ করল। — তাইসিরুল

তাদের সম্বন্ধে ইবলীস তার ধারণা সত্য প্রমাণ করল, ফলে তাদের মধ্যে একটি মু'মিন দল ব্যতীত সবাই তার অনুসরণ করল। — মুজিবুর রহমান

And Iblees had already confirmed through them his assumption, so they followed him, except for a party of believers. — Sahih International

২০. আর অবশ্যই তাদের সম্বন্ধে ইবলীস তার ধারণা সত্য প্রমাণ করল, ফলে তাদের মধ্যে একটি মুমিন দল ছাড়া সবাই তার অনুসরণ করল;

-

তাফসীরে জাকারিয়া

(২০) তাদের উপর ইবলীস তার অনুমান সত্য হিসাবে প্রতিষ্ঠিত করল, ফলে ওদের মধ্যে একটি বিশ্বাসী দল ছাড়া সকলেই তার অনুসরণ করল;

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3626

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন